দৈনিক জনকণ্ঠ

তারিখ ..21 APR 1997

পৃঃ ১০ কলাম ৫

25

# বৃহত্তর পটুয়াখালী জেলায় দেড় শ' প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

**গলাচিপা, ২০ এপ্রিল (সংবাদদাতা)।**- বৃহত্তর পটুয়াখালী জেলার প্রাথমিক শিক্ষা বিভাগে কর্মকর্তাসহ প্রায় দেড় শ' শিক্ষকের পদ দীর্ঘদিন যাবত শূন্য পড়ে আছে। ফলে বিভাগীয় কার্যক্রম প্রচণ্ডভাবে ব্যাহত হচ্ছে।

জানা গেছে, পটুয়াখালী ও বরগুনা জেলায় বর্তমানে থানা পর্যায়ের কর্মকর্তাসহ শিক্ষকের ১৪২টি পদ শূন্য। এর মধ্যে পটুয়াখালী জেলার গলাচিপা শিক্ষা কর্মকর্তাসহ ৩ জন থানা শিক্ষা কর্মকর্তা, ২ জন সহকারী থানা শিক্ষা কর্মকর্তা, ৩৫ জন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ৬০ জন সহকারী শিক্ষক এবং বরগুনা জেলার ১৫ জন প্রধান শিক্ষক ও ২৭ জন সহকারী শিক্ষকের পদ শূন্য পড়ে আছে।

এ সকল পদে দীর্ঘদিনেও লোক নিয়োগের কোন ব্যবস্থা নেয়া হয়নি। ফলে প্রাথমিক শিক্ষা কার্যক্রম প্রচণ্ডভাবে ব্যাহত হচ্ছে। বিশেষ করে প্রত্যন্ত এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় শিক্ষক না থাকায় ছাত্র-ছাত্রীদের পাঠদানে ব্যাঘাত ঘটছে।

গলাচিপা থানার চর মোন্তাজ ইউনিয়নের একমাত্র সরকারী প্রাথমিক বিদ্যালয়টি প্রায় এক যুগ ধরে মাত্র তিনজন শিক্ষক দিয়ে কোনমতে দায়সারাভাবে পরিচালনা করা হচ্ছে। অথচ এ বিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থীর সংখ্যা তিন শতাধিক। এভাবে প্রত্যন্ত এলাকাসমূহের প্রায় প্রতিটি বিদ্যালয়ে প্রয়োজনীয় শিক্ষকের অভাব রয়েছে।

অপরদিকে পটুয়াখালী ও বরগুনা জেলার শিক্ষকের শূন্য পদসমূহের বিপরীতে প্রায় ৭ হাজার আবেদন জমা পড়লেও দীর্ঘদিনেও আবেদনকারীদের ইন্টারভিউ আহ্বানসহ নিয়োগের কোন প্রকার ব্যবস্থা নেয়া হয়নি।